



নর্থসাউথ বিশ্ববিদ্যালয়ে আজ শেষ হচ্ছে থিসিস জুরি

সম্প্রতি নর্থসাউথ বিশ্ববিদ্যালয়ের স্থাপত্য বিভাগের আয়োজনে শেষ বর্ষের ছাত্র-ছাত্রীদের থিসিস জুরি শুরু হয়েছে। আজ ২০ অক্টোবর শেষ হচ্ছে এ আয়োজন। প্রতিদিন সকাল ৯.৩০ থেকে শুরু হয়ে সন্ধ্যা ৬.৩০ পর্যন্ত নকশা উপস্থাপন এবং আলোচনা চলবে।

১৭ই অক্টোবর ছিল জুরির প্রথম দিন, যা অত্যন্ত সফলভাবে অনুষ্ঠিত হয়েছে। জুরি চলাকালীন সময় বিশিষ্ট স্থপতি ও শিক্ষাবিদরা উপস্থিত ছিলেন, যারা তাদের মূল্যবান মতামত এবং দিকনির্দেশনা প্রদান করেন। তাদের মধ্যে ছিলেন ড. এস এম নাজমুল ইমাম, বিভাগীয় প্রধান, বুয়েট, স্থপতি রফিক আজম, স্থপতি নাজমুল হক বুলবুল (সচিব, আইইবি) সহ অন্যান্য প্রথিতযশা স্থপতিরা।

ছাত্রছাত্রীরা উত্তাবনী এবং প্রয়োগিক নকশা উপস্থাপন করেন, যার মধ্যে আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স, ট্রান্সপোর্ট সিমুলেশন এবং স্মার্ট সিটি ডিজাইনের মতো আধুনিক প্রযুক্তি ব্যবহার উল্লেখযোগ্য ছিল। এই নকশাগুলো উপস্থিত সকলের ভূয়সী প্রশংসা অর্জন করেছে এবং ভবিষ্যতের সম্ভাবনাময় স্থপতিদের প্রতিভার প্রমাণ বহন করে।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ড. সাজ্জাদ হোসেন, ডিন, স্কুল অফ ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ফিজিক্যাল সায়েন্সেস, ড. নন্দিনী আওয়াল, বিভাগীয় প্রধান, এবং স্থাপত্য বিভাগের অন্যান্য অনুষদ সদস্য, যারা ছাত্রছাত্রীদের নকশার উৎকর্ষতা সম্পর্কে মতামত দেন। সংবাদ বিজ্ঞপ্তি।